

# Informal Meeting of SAARC Council of Ministers (Virtual Mode)

September 24, 2020

## সার্কের মন্ত্রী পরিষদের বিধিবহির্ভূত বৈঠক ( ভার্চুয়াল মোড)

সেপ্টেম্বর 24, 2020

1. 24 সেপ্টেম্বর 2020 তে অনুষ্ঠিত সার্কের মন্ত্রী পরিষদের বার্ষিক বিধিবহির্ভূত বৈঠকে ভারতীয় প্রজাতন্ত্রের পররাষ্ট্রমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর অংশগ্রহণ করেছেন। নেপালের সভাপতিত্বে অনুষ্ঠিত এই বৈঠক ভার্চুয়াল মোডে হয়েছে এবং এতে সার্কের সবগুলি সদস্য দেশই অংশগ্রহণ করেছে।

2. 1997 সাল থেকে চলে আসা এই বিধিবহির্ভূত বৈঠক সার্ক সম্পর্কিত বিষয়গুলি নিয়ে মত বিনিময় করার জন্য ইউএনজিএ -এর অধিবেশনে বিদেশমন্ত্রীদের উপস্থিতির সুযোগ নিয়ে থাকে।

3. 26 সেপ্টেম্বর 2019 নিউ ইয়র্কে অনুষ্ঠিত সার্ক মন্ত্রী পরিষদের গত বিধিবহির্ভূত বৈঠকের সময় থেকে আঞ্চলিক সহযোগিতার অবস্থানের বিষয়ে সেক্রেটারি-জেনেরালের কাছ থেকে একটি রিপোর্ট বৈঠকটি গ্রহণ করেছে।

4. কোভিড-19 অতিমারির বিরুদ্ধে লড়াই করার আঞ্চলিক প্রচেষ্টার বিষয়ে বৈঠকটি পর্যালোচনা করেছে। বিশেষ করে অংশগ্রহণকারীরা অঞ্চল জুড়ে অতিমারির বিরুদ্ধে লড়াই করার উদ্দেশ্যে সহযোগিতামূলক কর্মপন্থা গ্রহণ করার জন্য 15 মার্চ 2020 তে সার্ক নেতাদের একটি ভিডিও সম্মেলন আহ্বান করার জন্য ভারতের মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বকে প্রশংসা করেছেন। এর ফলে সার্ক কোভিড-19 এর জন্য একটি আপৎকালীন তহবিল তৈরি হয়েছে যাতে সবগুলি দেশ স্বেচ্ছায় সাহায্য করার প্রতিশ্রুতি দিয়েছে।

5. পরস্পর যুক্ত, অখন্ড, নিরাপদ এবং সমৃদ্ধশালী দক্ষিণ এশিয়া গঠন করতে সার্কের প্রতি ভারতের দৃঢ় অঙ্গীকারের কথা ডক্টর জয়শঙ্কর তার বিবৃতিতে পুনরায় ব্যক্ত করেছেন। সার্কের নেতাদের নিয়ে অনুষ্ঠিত ভিডিও সম্মেলন অনুসরণ করে ভারত কতগুলি ব্যবস্থা গ্রহণ করেছে সেই বিষয়ে তিনি আলোকপাত করেছেন যথা স্বাস্থ্য সম্পর্কিত পেশাদার এবং বাণিজ্য আধিকারিকদের ভার্চুয়াল বৈঠক আহ্বান করা, কোভিড-19 এর উপর তথ্য বিনিময় মঞ্চ (সিওআইএনইএক্স) তৈরি করা, বৈদেশিক মূদ্রা বিনিময়ে সাহায্য করা এবং সার্ক খাদ্য ব্যাঙ্কের কর্মপদ্ধতি সক্রিয় করা। ডক্টর জয়শঙ্কর জানিয়েছেন যে সার্কের কোভিড-19 আপৎকালীন তহবিলে ভারতের সাহায্যের মধ্যে রয়েছে অত্যাবশ্যক ওষুধ, চিকিৎসা সংক্রান্ত ব্যবহার্য, কোভিড সুরক্ষা এবং পরীক্ষার কিট, এবং অন্যান্য

সরঞ্জামের যোগান যার মূল্য মার্কিন ডলারে 2.3 মিলিয়ন এবং তা সার্ক অঞ্চলের দেশগুলির কাছে সহজলভ্য করার ব্যবস্থা করা হয়েছে। কোভিড-19 অতিমারির বিরুদ্ধে লড়াই করার ক্ষেত্রে সার্ক অঞ্চলের দেশগুলির সাথে সহযোগিতার ক্ষেত্রে ভারতের অঙ্গীকারের ধারাবাহিকতার কথা তিনি পুনরায় ব্যক্ত করেছেন।

6. যে শক্তিগুলি সন্ত্রাসবাদকে প্রতিপালন করে, সমর্থন করে এবং সন্ত্রাস ও সংঘর্ষের পরিবেশ তৈরিতে উৎসাহ দেয় এবং যা সমগ্র দক্ষিণ এশিয়া জুড়ে সমবেত সহযোগিতা এবং সমৃদ্ধির সামগ্রিক সম্ভবনাকে বাস্তবায়িত করার ক্ষেত্রে সার্কের লক্ষ্যকে ব্যাহত করে, সন্ত্রাসবাদের সেই যন্ত্রণাকে পরাজিত করার জন্য সার্কের সদস্য দেশগুলিকে সমবেতভাবে সংকল্প করতে ডক্টর জয়শঙ্কর আহান জানিয়েছেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 24,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.